

# ইবিতে শিক্ষিকার সঙ্গে অসদাচরণ, কর্মচারী বরখাস্ত

ইবি প্রতিনিধি

১৬ মে ২০২৩ ০১:৪৭ পিএম | আপডেট: ১৬ মে ২০২৩ ০১:৪৭ পিএম

6  
Shares



ইমলামী বিশ্ববিদ্যালয়

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের বিভাগের নারী শিক্ষিকার সঙ্গে অসদাচরণের অভিযোগে কর্মচারী বরখাস্ত হয়েছে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিকারের বিষয়টি জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এইচএম আলী হাসান।

এ বিষয়ে অভিযোগকারী হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক উম্মে সালমা লুনা বলেন, ‘ইলিয়াস আমার সঙ্গে গত শুক্রবার, শনিবার দুইদিনই খুবই খারাপ ব্যবহার করেছেন। এছাড়া আমাকে হুমকি দিয়েছেন। আমি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের কাছে বিচার চাই।’

advertisement

তিনি আরও বলেন, ‘আমার স্বামী তাকে কল করে সামাধানের চেষ্টা করলে সে তার সঙ্গে খারাপ ব্যবহার করেন।’

এ বিষয়ে অভিযুক্ত আইসিটি সেলের কর্মচারী জেএম ইলিয়াস বলেন, ‘গত শনিবার বিকেলে ওনার স্বামী আমার মোবাইলে কল দিয়ে আমাকে প্রাণনাশের হুমকি দেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন। জাহাঙ্গীর আলম বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ের ডেপুটি সেক্রেটারি পরিচয় দিয়ে আমাকে হেলিকপ্টারে উঠিয়ে নিয়ে যাওয়া, চাকরিচ্যুত করা, মঞ্জুরি কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আমার ক্ষতিসাধন করাসহ ডিবি পুলিশ দিয়ে আমাকে তুলে নেওয়ার হুমকি দেন।’

**আরও পড়ুন: ফাঁস হওয়া অডিওটি নিজের, ‘স্বীকার করলেন’ ইবি উপাচার্য!**

advertisement

তিনি আরও বলেন, ‘আমি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সাহায্য চেয়েছি। আমি আমার সমিতির কাছে সাহায্য চেয়েছি। এছাড়া প্রক্টর মহোদয়ের কাছে নিরাপত্তার আবেদন করি। এমতাবস্থায় আমি ও আমার পরিবার চরমভাবে নিরাপত্তাহীনতায় ভুগছি ও মানসিকভাবে বিপর্যস্ত আছি। আমার নিরাপত্তা জরুরি।’

এ বিষয়ে রেজিস্ট্রার এইচএম আলী হাসান বলেন, ‘ভুক্তভোগী নারী শিক্ষিকা অভিযোগের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারী জেএম ইলিয়াসকে (ইলিয়াস জোয়ার্দার) সাময়িক বহিক্ষার করা হয়েছে। এছাড়া তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটি প্রতিবেদন দিলে পরবর্তীকালে ব্যবস্থা নেওয়া হবে।’